যুগান্তর

তারিখ 12 FEB 2015
পৃষ্ঠা কলাম

# অবরোধ ও হরতালমুক্ত রাখার দাবি শিক্ষাকে

যুগান্তর রিপোর্ট

শিক্ষা কার্যক্রমকে বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ডাকা হরতাল-অবরোধ কর্মসূচির আওতামুক্ত রাখার দাবি জানিয়ে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে স্মারকলিপি দিয়েছে কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা। বাংলাদেশ বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির ব্যানারে বুধবার শিক্ষকদের একটি প্রতিনিধি দল গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে ওই স্মারকলিপি দিয়ে আসেন। কয়েকদিন আগেও একই দাবিতে স্মারকলিপি দিয়েছিলেন তারা। এদিকে হরতাল-অবরোধে মানুষ হত্যার প্রতিবাদে বিক্ষোভ করেছে আওয়ামী মুক্তিযোদ্ধা লীগ। পুলিশের বাধার মুখে বিএনপি চেয়ারপারসনের কার্যালয় ঘেরাও কর্মসূচি পালন করতে পারেনি সংগঠনটি।

## খালেদা জিয়ার কার্যালয়ে শিক্ষার্থীদের স্মারকলিপি মুক্তিযোদ্ধা লীগের বিক্ষোভ

শিক্ষা কার্যক্রমকে হরতাল-অবরোধের আওতামুক্ত রাখার দাবিতে বুধবার বেলা সাড়ে ১১টার দিকে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা গুলশান-২ নম্বরে মানববন্ধন ও সমাবেশ করেন। এতে বক্তারা বলেন, হরতাল-অবরোধে শিক্ষার্থীদের পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। ক্লাস নিতে সমস্যা হচ্ছে। হামলা আতংকে শিক্ষার্থীরা শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে পারছে না। ইতিমধ্যে হামলা চালিয়ে বইয়ের ট্রাক পুড়িয়ে দেয়া হয়েছে। শিক্ষার্থীরা দগ্ধ ও মারা যাচ্ছে। এ অবস্থা বেশি দিন চলতে পারে না। শিক্ষকরা বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ের দিকে যাওয়ার সময় 'শিক্ষা নিয়ে রাজনীতি চলবে না, চলবে না', 'শিক্ষা নিয়ে রাজনীতি বন্ধ করও করতে হবে' ইত্যাদি স্লোগান দিতে থাকেন। এরপর বেসরকারি কারিগরি শিক্ষকদের পক্ষে সংগঠনের সভাপতি শাহজাহান আলম সাজু ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমানসহ পাঁচ সদস্যের শিক্ষকদের একটি প্রতিনিধিদল বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দিয়ে আসেন। কর্মসূচি সম্পর্কে বাংলাদেশ বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির সভাপতি শাহজাহান আলম সাজু বলেন, আমরা শিক্ষক-শিক্ষার্থীরা সাধারণ মানুষের মতো বাঁচতে চাই। নিয়মিত ক্লাস ও পরীক্ষা নিতে চাই। শিক্ষক-শিক্ষার্থীদের পর গুলশান-২ নম্বরে হরতাল-অবরোধ প্রত্যাহার দাবিতে বিক্ষোভ করেন বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা লীগের নেতাকর্মীরা। হরতাল-অবরোধে পেট্রলবোমায় গাড়িতে অগ্নিসংযোগ, যাত্রী হত্যাসহ নাশকতামূলক কার্যকলাপ বন্ধের দাবিতে বিএনপি চেয়ারপারসনের কার্যালয় ঘেরাও কর্মসূচি পালন করতে যায় সংগঠনের নেতাকর্মীরা। পুলিশের বাধার মুখে সড়কে বিক্ষোভ করেন তারা।